

Name of Newspaper / Electronic Media	:	প্রাবন্ধিক বাংলাদেশ
Date	:	৪ রজব ১৪৩৯ হিজরি ■ ২৩ মার্চ ২০১৮
Page/Time	:	

## দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ রচনা প্রতিযোগিতার জন্য লেখা আহ্বান

দুর্নীতি দমন কমিশনের দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ ২০১৮ উদযাপন উপলক্ষে সেন্টার ফর এথিক্স এডুকেশনের উদ্যোগে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। দুটি ক্যাটাগরিতে লেখা আহ্বান করা হয়েছে। নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য ৫০০ শব্দের মধ্যে 'আমরা শিক্ষার্থী-আমরাই পারি দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে' এবং উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ে ৫০০ শব্দের মধ্যে 'মানবিক ও নৈতিক সমাজ বিনির্মাণে বড় অন্তরায় দুর্নীতি' শীর্ষক রচনা ১ এপ্রিলের মধ্যে প্রতিষ্ঠানটির ঠিকানায় (সেন্টার ফর এথিক্স এডুকেশন, ৮ম তলা, আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সাইন্স অ্যান্ড টেকনোলজি, ১৪১/১৪২ লাভ রোড, তেজগাঁও ঢাকা-১২০৮) পাঠানো যাবে। প্রতিযোগীরা [ethics.dam@gmail.com](mailto:ethics.dam@gmail.com) এ ঠিকানায়ও লেখা পাঠাতে পারেন। যোগাযোগ : ০১৭১৫১৬৪৪২৯।

রচনা পাঠানোর সময় প্রতিযোগীর নাম, শ্রেণী, অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম এবং ফোন নাম্বার উল্লেখ করতে হবে। প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের লেখা যাচাই-বাছাই করে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি